# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষকে নির্দেশ দেওয়া হয়েছে সম্পদ ও দৈহিক গঠনের ক্ষেত্রে তার চেয়ে নিম্ন পর্যায়ের মানুষের দিকে তাকাতে; তার চেয়ে উচ্চ পর্যায়ের মানুষের দিকে নয়

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ أَنْ يَنْظُرَ إِلَى مَنْ هُوَ دُونَهُ فِي الْمَالِ وَالْخَلْقِ دُونَ مَنْ فوقه فيهما

---

আরবী

710 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا نَظَرَ أَحَدُكُمْ إِلَى مَنْ فُضِّلَ عَلَيْهِ فِي الْمَالِ وَالْخَلْقِ فَلْيَنْظُرْ إِلَى مَنْ هُوَ أَسْفَلُ مِنْهُ ممن فُضِّلَ هو عليه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 710 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭১০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ এমন কাউকে দেখবে যাকে রিযিক ও দৈহিক গঠনে প্রাধান্য দেওয়া হয়েছে, তবে সে যেন তার চেয়ে নিচ পর্যায়ের ব্যক্তির দিকে তাকায় যার উপর তাকে শ্রেষ্ঠত্ব দেওয়া হয়েছে।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭১৪; মুসনাদ আহমাদ: ২/৩১৪; সহীহ মুসলিম: ২৯৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২/২৫৪।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৬০৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন